**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০২৬.১৭ (অংশ-২)-৪২৫

তারিখঃ ২০ আষাঢ় ১৪২৫ / ০৪ জুলাই ২০১৮

বিষয় : **দশম জাতীয় সংসদের ২৭ কুড়িগ্রাম-৩ নির্বাচনি এলাকার শূন্য আসনের নির্বাচন উপলক্ষে অগ্রিম ডাক মাশুল পরিশোধ না করে পত্র প্রেরণের সুযোগ দান**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আগামী **২৫ জুলাই ২০১৮** তারিখ **বুধবার** দশম জাতীয় সংসদের **২৭ কুড়িগ্রাম-৩** নির্বাচনি এলাকার শূন্য আসনের নির্বাচন অনুষ্ঠিত হবে। গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ২৭ অনুচ্ছেদে জাতীয় সংসদ নির্বাচনে নিম্নরূপ ব্যক্তিবর্গের পোস্টাল ব্যালট এর মাধ্যমে তাদের ভোটাধিকার প্রয়োগের বিধান রয়েছেঃ

(ক) ভোটার তালিকা আইন, ২০০৯ এর ধারা ৮ এর উপ-ধারা (৩) ও (৫) এ বর্ণিত ব্যক্তিবর্গ;

(খ) কোন ব্যক্তি তিনি যে ভোটকেন্দ্রে ভোট দেয়ার অধিকারী সে কেন্দ্র ছাড়া অন্য কোন ভোটকেন্দ্রে নির্বাচন সংক্রান্ত কোন দায়িত্ব পালনের জন্য নিযুক্ত আছেন;

(গ) বাংলাদেশি ভোটার বিদেশে বসবাস করলে।

[গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ২৭ এবং ভোটার তালিকা আইন, ২০০৯ এর ধারা ৮ এর সংশ্লিষ্ট অংশের কপি সংযুক্ত]

২। উল্লিখিত শ্রেণির ব্যক্তিবর্গের আবেদনের ভিত্তিতে রিটার্নিং অফিসার তাদের নিকট ডাকযোগে পোস্টাল ব্যালট প্রেরণ করবেন। পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করে রিটার্নিং অফিসারের নিকট পোস্টাল ব্যালট প্রেরণ করার জন্য যে ডাক মাশুল খরচ করা হবে তা ভোটারগণ নিজে বহন করবেন। তবে তার পূর্বে রিটার্নিং অফিসার ডাকযোগে সংশ্লিষ্ট ভোটারগণের নিকট পোস্টাল ব্যালট পেপার প্রেরণ করবেন। যেহেতু আন্তর্জাতিক বিধানমতে ডাক মাশুল আদায় স্ব স্ব দেশের আওতাভুক্ত সেহেতু নির্বাচন কমিশন সচিবালয়ের পক্ষে বৈদেশিক মুদ্রায় বিভিন্ন দেশের ডাক মাশুল প্রদান করা সম্ভব নয়।

৩। বর্ণিতাবস্থায়, উপরোল্লিখিত বিষয়সমূহ বিভিন্ন দূতাবাস/হাইকমিশনকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনা মোতাবেক

Please send to all missions.
AS (MPP)
১৭/৭/১৮

৪/৭/২০১৮
(ফরহাদ আহাম্মদ খান)
যুগ্ম সচিব (চলতি দায়িত্ব)
নির্বাচন পরিচালনা-২
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
০১৭১৫০০০৭৪৯ (মোবাইল)
E-mail: forhadakecs2015@gmail.com

সচিব
পররাষ্ট্র মন্ত্রণালয়
সেগুনবাগিচা, ঢাকা

০৫.০৭.১৮
Secretary (O.C.)

1354/DG (CGW)-10/7/18
SecyBC 1744/18

F:\AR.DAS ELECTION\By election Parliament\27 Kurigram-3\2018 Postal letter NE.wbk

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০২৬.১৭ (অংশ-২)-৪২৫

তারিখঃ ২০ আষাঢ় ১৪২৫
০৪ জুলাই ২০১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ
৩। মহাপরিচালক, ডাক অধিদপ্তর, বাংলাদেশ ডাক বিভাগ, ঢাকা
৪। জেলা প্রশাসক, কুড়িগ্রাম
৫। পুলিশ সুপার, কুড়িগ্রাম
৬। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রংপুর ও রিটার্নিং অফিসার
৭। জেলা নির্বাচন কর্মকর্তা, কুড়িগ্রাম ও সহকারী রিটার্নিং অফিসার
৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, .........................(সংশ্লিষ্ট)
৯। উপজেলা নির্বাচন কর্মকর্তা, কুড়িগ্রাম সদর ও সহকারী রিটার্নিং অফিসার
১০। উপজেলা নির্বাচন কর্মকর্তা, .........................(সংশ্লিষ্ট)।

(মোঃ ফরহাদ হোসেন)
উপসচিব (চলতি দায়িত্ব)
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা
ফোন ও ফ্যাক্স: ০২-৫৫০০৭৫৫৮
০১৮১৭৬৭৫১৭৩ (মোবাইল)
E-mail: forhadhossain_ecs@yahoo.com

# THE REPRESENTATION OF THE PEOPLE ORDER, 1972

## (PRESIDENT'S ORDER NO. 155 OF 1972).

[As amended up to 2013]

Provided that the Returning Officer or the Presiding Officer, as the case may be, shall, as far as practicable, endeavour to ensure the attendance of the said person at the time of doing the said act or thing:

Provided further that, if a candidate or his election agent or polling agent is found absent at the time of doing the said act or thing, the Returning Officer or the Presiding Officer, as the case may be, shall immediately try to find out the reason of such absence and record the fact and communicate it to the Commission together with his comments thereon, and shall endeavour to ensure such attendance.]

24. The Returning Officer shall, subject to any direction of the Commission, fix the hours during which the poll shall be taken and give public notice or the hours so fixed.

25. (1) The Presiding Officer of a polling station shall stop the poll and inform the Returning Officer that he has done so if-

(a) the poll at the polling station is, at any time, so interrupted or obstructed for reason beyond the control of the Presiding Officer that it cannot be resumed during the polling hours fixed under Article 24: or

(b) any ballot box used at the polling station is unlawfully taken out of the custody of the Presiding Officer, or is accidentally or intentionally destroyed or lost, or is damaged or tampered with to such an extent that the result of the poll at the polling station cannot be ascertained.

(2) Where a poll has been stopped under clause (1), the Returning Officer shall immediately report the circumstances to the Commission and the Commission shall direct a fresh poll at that polling station, unless it is satisfied that the result of the election has been determined by the polling station, taken with the results of the polling at other polling stations in the same constituency.

(3) Where the Commission orders a fresh poll under clause (2), the Returning Officer shall, with the approval of the Commission¬-

(a) appoint a day for a fresh poll and fix the place at which and the hours during which such fresh poll shall be taken; and

(b) give public notice of the day so appointed and the place and hours so fixed.

(4) At a fresh poll taken under clause (3) at a polling station, all electors entitled to vote thereat shall be allowed to vote and no vote cast at the poll stopped under clause (1) shall be counted; and the provisions of this Order and the rules and orders made thereunder shall apply to such fresh poll.

26. An election under this Order shall be decided by secret ballot and, subject to the provisions of Article 27, every elector shall cast his vote by inserting, in accordance with the provisions of this Order, in the ballot box, a ballot paper in the prescribed form.

27. [72][ (1) The following person may cast their votes by postal ballot in such manner as may be prescribed, namely:¬-

(a) a person referred to in sub-sections (3) and (5) of section 8 of the Electoral Rolls Act, 2009 ([illegible] [illegible]);

(b) a person appointed for the performance of any duty in connection with an election at a polling station other than the one at which he is entitled to cast his vote; and

(c) a Bangladeshi voter living abroad.]

(2) An elector who, being entitled to do so, intends to cast his vote by postal ballot shall¬-

(a) in the case of a person referred to in sub clause (a) [73][ and (c)] of clause (1), within fifteen days from the date of the publication of the notification under Article 11, and

(b) in the case of a person referred to in sub clause (b) of that clause as soon as may be after his appointment,

apply to the Returning Officer of the constituency in which he is an elector for a ballot paper for voting by postal ballot; and every such application shall specify the name of the elector, his address and his serial number in the electoral roll.

(3) The Returning Officer shall immediately upon the receipt of an application by an elector under clause (2) sent by post to such elector a ballot paper and an envelope bearing on its face a form of certificate of posting, showing the date thereof, to be filled in by the proper official of the Post Office at the time of posting by the elector.

(4) An elector on receiving his ballot paper for voting by postal ballot shall in the prescribed manner record his vote and after so recording post the ballot paper to the Returning Officer in the envelope sent to him under clause (3) with minimum of delay.

28. (1) The Returning Officer shall provide each Presiding Officer with such number of ballot boxes as may be necessary.

(2) The ballot boxes shall be of such material and design as may be approved by the Commission.

(3) Not more than one ballot box shall be used at a time for the purpose of the poll at any polling station, or at any polling booth, where there are more than one polling booths at a polling station.

(4) At least half an hour before the time fixed for the commencement of the poll, the Presiding Officer shall

(a) ensure that every ballot box to be used is empty;

[74][ (aa) deliver such empty ballot box to the Assistant Presiding Officer or Polling Officer recording the serial number of the concerne ballot box and the serial number of the seal thereon and obtaining signature of the receiver in the respective column of the prescribed form and endeavour to obtain signature of the agents of candidates who is willing to put signature on the said form;]

(b) show the empty ballot box to the contesting candidates and their election agents and polling agents whoever may be present;

(c) after the ballot box has been shown to be empty, close and seal it; and

(d) place the ballot box so as to be conveniently accessible to the elector, and at the same time within the sight of himself and of such candidates or their election or polling agents as may be present.

# ভোটার তালিকা আইন, ২০০৯

( ২০০৯ সনের ৬ নং আইন )

(২০১৩ সাল পর্যন্ত সংশোধিত)

# ভোটার তালিকা আইন, ২০০৯

( ২০০৯ সনের ৬ নং আইন )

[ফেব্রুয়ারি ২৪, ২০০৯ ]

## সূচিপত্র


১. সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন

২. আইনের প্রাধান্য

৩. সংজ্ঞা

৪. কমিশনকে সহায়তা প্রদান

৫. ভোটার তালিকা প্রণয়ন

৬. রেজিস্ট্রেশন অফিসার, ইত্যাদি নিয়োগ

৭. ভোটার তালিকা প্রণয়ন ও প্রকাশ

৮. অধিবাসী অর্থ

৯. তালিকাভুক্তির উপর বাধা নিষেধ

১০. ভোটার তালিকা সংশোধন

১১. ভোটার তালিকা হালনাগাদকরণ

১২. বিভিন্ন সংস্থা কর্তৃক সংগৃহীত তথ্য ব্যবহারের সুযোগ

১৩. ভোটার তালিকা হইতে নাম কর্তন

১৪. ভোটার তালিকার বৈধতা, ইত্যাদি

১৫. কমিশনের ভোটার তালিকায় কোন নাম অন্তর্ভুক্তকরণ বা উহা বিলোপন, ইত্যাদি ক্ষমতা

১৬. বিধি প্রণয়নের ক্ষমতা

১৭. আদালতের এখতিয়ার

১৮. মিথ্যা ঘোষণা দেওয়া

১৯. প্রতিবন্ধকতা সৃষ্টির অপরাধ

২০. ভোটার তালিকা প্রণয়ন, ইত্যাদি সম্পর্কে দায়িত্বে অবহেলা

২১. কমিশনের বিশেষ ক্ষমতা

২২. Ordinance No. LXI of 1982, এর রহিতকরণ ও হেফাজত

২৩. রহিতকরণ ও হেফাজত

(২) উপ-ধারা (১) এর অধীন প্রণীত খসড়া ভোটার তালিকা, তৎসম্পর্কে দাবী এবং আপত্তি আহবানকারী একটি নোটিশসহ, নির্ধারিত পদ্ধতিতে প্রকাশ করা হইবে।

(৩) রেজিষ্ট্রেশন অফিসার, নির্ধারিত পদ্ধতিতে, খসড়া ভোটার তালিকায় এইরূপ সংযোজন, পরিবর্তন বা সংশোধন করিবেন যাহা কোন দাবী বা আপত্তির উপর সিদ্ধান্তের ফলে প্রয়োজনীয় হইতে পারে বা কোন লিখন, মুদ্রণ বা অন্য কোন প্রকার ত্রুটি সংশোধনের জন্য আবশ্যক হইতে পারে।

(৪) উপ-ধারা (৩) এর অধীন সংযোজন, পরিবর্তন বা সংশোধন, যদি থাকে, করিবার পর রেজিষ্ট্রেশন অফিসার, নির্ধারিত পদ্ধতিতে, কোন ভোটার এলাকা বা নির্বাচনী এলাকার জন্য চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করিবেন এবং প্রকাশিত চূড়ান্ত ভোটার তালিকাসমূহ উক্ত ভোটার এলাকা বা নির্বাচনী এলাকার জন্য ভোটার তালিকা বলিয়া গণ্য হইবে।

(৫) উপ-ধারা (৪) এর অধীন প্রকাশিত চূড়ান্ত ভোটার তালিকা অবিলম্বে কার্যকর হইবে।

(৬) চূড়ান্ত ভোটার তালিকা নির্ধারিত পদ্ধতিতে রক্ষিত হইবে এবং জনসাধারণের পরিদর্শনের জন্য উন্মুক্ত থাকিবে, এবং কোন ব্যক্তি নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে উহার কপির জন্য আবেদন করিলে নির্ধারিত পদ্ধতিতে তাহাকে উহা সরবরাহ করা হইবে।

(৭) ভোটার তালিকা নির্ধারিত পদ্ধতিতে কমিশনের ওয়েব সাইটে সর্বসাধারণের জন্য সংরক্ষিত থাকিবে এবং হালনাগাদকৃত তালিকা দ্বারা উহা প্রতিস্থাপিত হইবে।

(৮) কোন ভোটার এলাকা বা নির্বাচনী এলাকার ভোটার তালিকায় বা ইহার খসড়ায় কোন স্পষ্ট ত্রুটি বা অনিয়ম দৃষ্টিগোচর হইলে কমিশন অনুরূপ তালিকা বা খসড়া বাতিলপূর্বক উক্ত ভোটার এলাকা বা নির্বাচনী এলাকার জন্য নূতন ভোটার তালিকা প্রণয়ন করিবার নির্দেশ দিতে পারিবে।

(৯) কমিশন বিভিন্ন নির্বাচিত সংস্থার নির্বাচনের জন্য, প্রয়োজন মনে করিলে, ভোটার তালিকা পুনর্বিন্যাস করিতে পারিবে।

৮। (১) অত:পর ইহাতে ব্যবস্থিত বিধান ব্যতিরেকে, কোন ব্যক্তি সচরাচর যে নির্বাচনী এলাকায় বা ভোটার এলাকায় বসবাস করেন কিংবা যে নির্বাচনী এলাকার বা ভোটার এলাকায় বসতবাড়ী ভোগ দখল করেন কিংবা বসতবাড়ী ও অন্যান্য স্থাবর সম্পত্তির মালিক হন তিনি উক্ত নির্বাচনী এলাকার বা ভোটার এলাকার অধিবাসী বলিয়া গণ্য হইবেন।

(২) কোন ব্যক্তির একাধিক নির্বাচনী এলাকায় বা ভোটার এলাকায় বসতবাড়ীর দখল থাকিলে কিংবা বসতবাড়ী ও স্থাবর সম্পত্তির মালিকানা থাকিলে, ঐ ব্যক্তিকে, তাহার ইচ্ছা অনুযায়ী, যে কোন একটি নির্বাচনী এলাকায় বা ভোটার এলাকায় ভোটার হিসাবে নিবন্ধন করা যাইবে।

(৩) কোন ব্যক্তি সরকারী চাকুরীরত থাকিলে বা কোন সরকারী পদে অধিষ্ঠিত থাকিলে তিনি, যে নির্বাচনী এলাকার বা ভোটার এলাকায় চাকুরীসূত্রে সচরাচর বসবাস করেন সেই নির্বাচনী এলাকার বা ভোটার এলাকার অধিবাসী হিসাবে গণ্য হইবেন, যদি না তিনি অনুরূপ চাকুরীরত না থাকিলে বা অনুরূপ সরকারী পদে অধিষ্ঠিত না থাকিলে যে ভোটার এলাকার বা নির্বাচনী এলাকার অধিবাসী থাকিতেন সেই এলাকার অধিবাসী হিসাবে তালিকাভুক্ত হইবার জন্য রেজিষ্ট্রেশন অফিসার বরাবর আবেদন করেন।

(৪) উপ-ধারা (৩) এ উল্লিখিত অনুরূপ কোন ব্যক্তির স্বামী বা স্ত্রী এবং তাহার ছেলেমেয়েদের মধ্যে যাহারা ভোটার তালিকাভুক্ত হইবার অধিকারী তাহারা যদি সচরাচর অনুরূপ ব্যক্তির সহিত বসবাস করেন তাহা হইলে তাহারা অনুরূপ ব্যক্তি যে নির্বাচনী এলাকার বা ভোটার এলাকার অধিবাসী বলিয়া গণ্য হইয়াছেন সেই এলাকার অধিবাসী বলিয়া গণ্য হইবেন।

(৫) কোন ব্যক্তি বাংলাদেশের কোন জেলাখানায় বা অন্য কোন আইনগত হেফাজতে আটক থাকিলে, তিনি এইভাবে আটক না থাকিলে যে নির্বাচনী এলাকার বা ভোটার এলাকার অধিবাসী থাকিতেন, সেই নির্বাচনী এলাকার বা ভোটার এলাকার অধিবাসী বলিয়া গণ্য হইবেন।

[৫][ (৬) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, কোন বাংলাদেশী নাগরিক বিদেশে বসবাস করিলে, তিনি সর্বশেষ যে নির্বাচনী এলাকায় বা ভোটার এলাকায় বসবাস করিয়াছেন অথবা তাহার নিজ বা পৈতৃক বসতবাড়ী যে স্থানে অবস্থিত ছিল বা আছে, তিনি সেই এলাকার অধিবাসী বলিয়া গণ্য হইবেন।]

৯। -কোন ব্যক্তি-

(ক) কোন ভোটার এলাকার বা নির্বাচনী এলাকার ভোটার তালিকায় একাধিকবার ; বা

(খ) একাধিক ভোটার এলাকার বা নির্বাচনী এলাকার ভোটার তালিকায় ;

তালিকাভুক্ত হইবার অধিকারী হইবেন না।

১০। বিভিন্ন নির্বাচিত সংস্থার নির্বাচনের সময়সূচী ঘোষণার তারিখ হইতে নির্বাচন অনুষ্ঠানের সময়কাল ব্যতিরেকে, অন্য যে কোন সময়, নির্ধারিত পদ্ধতিতে, প্রয়োজন অনুসারে নিম্নোক্তভাবে সংযোজন ও বিয়োজনপূর্বক ভোটার তালিকা সংশোধন করা যাইবে, যথা :-

(ক) উক্ত তালিকায় এমন কোন যোগ্য ব্যক্তির নাম অন্তর্ভুক্ত করা, যাহার নাম অন্তর্ভুক্ত করা হয় নাই, বা যিনি ইহা প্রণয়নের পর বা ইহার সর্বশেষ পুনঃপরীক্ষার পর অনুরূপ উক্ত তালিকায় অন্তর্ভুক্ত হইবার যোগ্য হইয়াছেন; বা

(খ) উক্ত তালিকাভুক্ত যে ব্যক্তি মৃত্যুবরণ করিয়াছেন বা যিনি অনুরূপ তালিকায় অন্তর্ভুক্ত হইবার সময় অযোগ্য ছিলেন বা অযোগ্য হইয়াছেন তাহার নাম কর্তন করা; বা

(গ) যিনি বাসস্থান পরিবর্তনের কারণে নূতন ভোটার এলাকা বা, ক্ষেত্রমত, নির্বাচনী এলাকার অধিবাসী হইয়াছেন, পূর্বের ভোটার এলাকার বা, ক্ষেত্রমত, নির্বাচনীর এলাকা তালিকা হইতে তাহার নাম কর্তনপূর্বক নূতন নির্বাচনী এলাকায় বা, ক্ষেত্রমত, ভোটার এলাকার তালিকায় অন্তর্ভুক্ত করা; বা

(ঘ) ইহাতে কোন অন্তর্ভুক্ত, সংশোধন বা কোন ত্রুটি-বিচ্যুতি দূর করা।

১১। (১) কম্পিউটার ডাটাবেজ সংরক্ষিত বিদ্যমান সকল ভোটার তালিকা, প্রতি বৎসর ২ জানুয়ারী হইতে ৩১ জানুয়ারী পর্যন্ত সময়কালের মধ্যে, নির্ধারিত পদ্ধতিতে, নিম্নরূপে হালনাগাদ করা হইবে, যথা :-

(ক) পূর্বের বৎসরের ২ জানুয়ারী হইতে যিনি ১৮ বৎসর বয়স পূর্ণ হইবার কারণে ভোটার হইবার যোগ্য হইয়াছেন অথবা যোগ্য ছিলেন, কিন্তু ধারা ১০ এর অধীন তালিকাভুক্ত হন নাই, তাহাকে ভোটার তালিকাভুক্ত করা;

(খ) উক্ত সময়কালে যিনি মৃত্যুবরণ করিয়াছেন কিংবা তালিকাভুক্ত হইবার অযোগ্য ছিলেন কিংবা হইয়াছেন, তাহার নাম কর্তন করা; এবং

(গ) যিনি বিদ্যমান নির্বাচনী এলাকা বা ক্ষেত্রমত, ভোটার এলাকা হইতে অন্য নির্বাচনী এলাকায় বা ক্ষেত্রমত, ভোটার এলাকায় আবাসস্থল পরিবর্তন করিয়াছেন, তাহার নাম পূর্বের এলাকার ভোটার তালিকা হইতে কর্তন করিয়া স্থানান্তরিত এলাকার ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করা :

তবে শর্ত থাকে যে, যদি ভোটার তালিকা পূর্বোল্লিখিতভাবে হালনাগাদ না করা হয়, তাহা হইলে উহার বৈধতা বা ধারাবাহিকতা ক্ষুণ্ন হইবে না।